

ব্রহ্মানন্দ কেশবচন্দ্র মহাবিদ্যালয়ের শিক্ষক পরিষদের ছাত্রকল্যাণ কর্মসূচীর রূপায়নঃ

বর্তমান অতিমারির প্রভাবে আমাদের মহাবিদ্যালয়ের দরিদ্র ছাত্রদের অবস্থা বিবেচনা করে ব্রহ্মানন্দ কেশবচন্দ্র মহাবিদ্যালয়ের শিক্ষক পরিষদ তাদের পাশে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। প্রাথমিকভাবে শিক্ষক পরিষদ নিজের তহবিল থেকে ৫৯০০০/ টাকা টিউশন ফি এবং মোবাইলে ইন্টারনেটের মেয়াদ বৃদ্ধির জন্য অনুদান দিয়েছে। শিক্ষক পরিষদ বিজ্ঞান বিভাগের ৩৫ জন এবং কলা বিভাগের ৪৫ জনের বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার ফি পরিশোধ করেছে। মোবাইলে ইন্টারনেটের মেয়াদ বৃদ্ধির মাধ্যমে ১১ জন ছাত্রছাত্রী তাদের শিক্ষাসংক্রান্ত কার্যকলাপ চালিয়ে যেতে সক্ষম হয়েছে। এই প্রচেষ্টা বিগত বছরের দ্বিতীয় পর্যায়ে সমাপ্ত হয়েছে।

এরপর অতিমারির দ্বিতীয় ঢেউ এর আগমনের ফলে পরিস্থিতি খারাপ হওয়ার ফলে আমাদের ছাত্র সম্প্রদায়ের একটি বৃহৎ অংশ পুনরায় আর্থিক দুর্দশার সম্মুখীন হয়। ফলতঃ শিক্ষক পরিষদের সদস্যরা ব্যক্তিগত অনুদানের ভিত্তিতে, সম্পাদকের তত্ত্বাবধানে ‘ ছাত্র কল্যাণ তহবিল’ গঠনের সিদ্ধান্ত নেয়। এই সাধু প্রয়াসে শিক্ষকদের ভাল সাড়া পাওয়া যায় এবং তহবিলের পরিমাণ গিয়ে পৌছয় ৫০০০০/ টাকায়। প্রসঙ্গত অনলাইন ক্লাসে মোবাইলে ইন্টারনেটের মেয়াদ বৃদ্ধি করতে আর্থিকভাবে অসমর্থ এবং সেই কারণে অনুপস্থিত ছাত্রছাত্রীরা শিক্ষকদের দৃষ্টিগোচর হয়। সঙ্গতভাবে, শিক্ষা গ্রহণের স্বার্থ অবিলম্বে সেইসব ছাত্রছাত্রীদের মোবাইলে ইন্টারনেটের মেয়াদ বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। সম্প্রতি সর্বমোট ৫৩ জন ছাত্রছাত্রীর মোবাইলে ইন্টারনেটের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে ৩০১৯৯ টাকা ব্যয় করে।

এছাড়া বহু ছাত্রছাত্রীদের বিপদে শিক্ষক শিক্ষিকারা ব্যক্তিগতভাবে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। আগামী দিনে এমনতর দানশীল কার্যকলাপ বৃদ্ধি হবে এবং সেই সূত্র ধরে ব্রহ্মানন্দ কেশবচন্দ্র মহাবিদ্যালয়ের শিক্ষক পরিষদ ছাত্রছাত্রীদের পাশে থাকবে- এই আমাদের আশা।